গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের নির্দেশনা মোতাবেক ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের (৩০-১২-২০২০) সিদ্ধান্ত অনুসারে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের ২৭/০৯/২০২২ তারিখ মঙ্গলবার বেলা ১১.০০ টায় অমর একুশে হল, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রভোস্ট মহোদয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়।

সভয় নিম্নোক্ত সদস্যগণ উপস্থিত ছিলেন :

ক) ড. ইসতিয়াক এম সৈয়দ, অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগ ও আহ্বায়ক, উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিম
খ) ড. মুহাম্মদ সাহাদাত হোসেন সিদ্দিকী অধ্যাপক, অর্থনীতি বিভাগ, ও সদস্য, উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিম
গ) ড. মো. মিজানুর রহমান, সহযোগী অধ্যাপক, অণুজীব বিজ্ঞান বিভাগ, ও সদস্য, উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিম
ঘ) জনাব ইমাম হাসান রাজা, সিস্টেম এ্যাডমিনিস্ট্রেটর, আইসিটি সেল, ও সদস্য, উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিম
ঙ) জনাব মো. বদরুল আহছান, উপ পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, ও সদস্য-সচিব, উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিম

সভার সভাপতি ড. ইসতিয়াক এম সৈয়দ, অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। শুরুতেই তিনি ২০২১-২০২২ সেশনে উদ্ভাবনী ধারণা/সেবা সহজীকরণ/ক্ষুদ্র উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে অর্জিত অভিজ্ঞতা থেকে আলোচ্য ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (Annual Performance Agreement) আওতায় উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের কর্মপরিকল্পনা প্রতিবেদন এবং একটি উদ্ভাবনী ধারণা/সেবা সহজিকরণ/ডিজিটাইজেশন করার সিদ্ধান্ত গ্রহণ করতে হবে মর্মে উল্লেখ করেন। এতদবিষয়ে সভার সভাপতি ড. ইসতিয়াক এম সৈয়দ, অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

সভায় উদ্ভাবনী ধারণা/সেবা সহজিকরণ/ডিজিটাইজেশন করার বিষয়ে নিম্নোক্ত আলোচনা হয়।

২. আলোচনা :

২.১. সভার শুরুতে সভার সভাপতি অধ্যাপক ড. ইসতিয়াক এম সৈয়দ সভাকে অবহিত করেন যে, বর্তমানে পরীক্ষা সংক্রান্ত বিষয়ে পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর হতে সংশ্লিষ্ট শিক্ষকের মুঠোফোনে একটি বার্তা (ম্যাসেজ) পাঠানো হয়। সেই বার্তায় উল্লেখ করা থাকে 'আপনার ই-মেইলে পরীক্ষা সংক্রান্ত নোটিশটি পাঠানো হয়েছে'। প্রায়শ:ই দেখা যায় যে, ই-মেইলটি আসে নাই। যেহেতু প্রত্যেক শিক্ষকের ড্যাশবোর্ড/প্রোফাইল আছে সেহেতু এই সমস্ত নোটিশ সংশ্লিষ্ট প্রত্যেক শিক্ষকের ড্যাশবোর্ড/প্রোফাইলে পাঠানোর ব্যবস্থা পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর থেকে করা হলে আলোচ্য এই সেবাটি প্রদানে সংশ্লিষ্ট শিক্ষক আরও স্বাচ্ছন্দ বোধ করবেন। এছাড়া সংশ্লিষ্ট শিক্ষকের পরীক্ষা সংক্রান্ত বিল, পে-স্লিপ ইত্যাদি ই-মেইলের পরিবর্তে হিসাব দপ্তর থেকে সংশ্লিষ্ট শিক্ষকের ড্যাশবোর্ড/প্রোফাইলে পাঠানো ব্যবস্থা করার বিষয়টি সভাপতি অধ্যাপক ড. ইসতিয়াক এম সৈয়দ সভায় উল্লেখ করেন।

২.২. উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের সদস্য ড. মুহাম্মদ সাহাদাত হোসেন সিদ্দিকী অধ্যাপক, অর্থনীতি বিভাগ সভাকে অবহিত করেন যে, ডিইউঅ্যাপসের নিউজ পোর্টালে প্রকাশিত নিউজগুলো শেয়ার করার কোন সুযোগ (অপশন) নেই। এছাড়া নোটিশ পোর্টালে বিশ্ববিদ্যালয়ের সাধারণ সকল নোটিশ প্রকাশের বিষয়টির প্রতিও তিনি গুরুত্ব আরোপ করেন। এছাড়াও ডিইউঅ্যাপসের অন্যান্য পোর্টালের অন্তর্ভূক্ত বিষয়গুলো আরও সাম্প্রতিক (up to date) গুলো আরও ব্যবহার-বান্ধব (user friendly) করার প্রতিও গুরুত্ব আরোপ করেন।



CamScanner

২.৩. সভার সভাপতি অধ্যাপক ড. ইসতিয়াক এম সৈয়দ বৈদেশিক প্রশিক্ষণে দেশের বাইরে যাওয়ার সময় বিমান বন্দরে তাঁর সাম্প্রতিক অভিজ্ঞতা উল্লেখ করে বলেন যে অনুমোদিত এনওসি যেমন অনলাইনে দেয়ার ব্যবস্থা চালু আছে ঠিক একই রকমভাবে অনুমোদিত বিদেশভ্রমণ সংক্রান্ত জিও-ও অনলাইনে যেন রেজিস্ট্রারের সংশ্লিষ্ট শাখা থেকে দেয়ার ব্যবস্থা গ্রহণ করা হলে অনাকাংখিত অনেক জটিলতা থেকে সংশ্লিষ্ট ভ্রমণকারী মুক্ত থাকতে পারবেন মর্মে সভায় উল্লেখ করেন। এছাড়াও এনওসিসহ যে সমস্ত ফর্ম ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে আছে সেগুলো পিডিএফ ফর্মের পাশাপাশি প্রিন্ট অপশনসহ এডিটএ্যবল টেক্স ফরমাটে (editable text format) অন লাইনে পাওয়ার ব্যবস্থা আইসিটি সেল গ্রহণ করলে সংশ্লিষ্ট সেবা গ্রহীতা আরও সহজে সংশ্লিষ্ট সেবাটি পেতে সক্ষম হবেন মর্মে উল্লেখ করেন।

২.৪. উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের সদস্য ড. মুহাম্মদ সাহাদাত হোসেন সিদ্দিকী অধ্যাপক, অর্থনীতি বিভাগ সভায় উল্লেখ করেন যে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে কোন সেবা গ্রহীতা সেবা গ্রহণের উদ্দেশ্যে এলে সেবা সংশ্লিষ্ট কক্ষ এবং সেবা প্রদানকারীকে খুঁজে পেতে অনাকাংখিত সমস্যায় পড়েন। এই সমস্যা সমাধানের জন্য প্রশাসনিক ভবনের কক্ষসমূহের পরিচিতিসহ ফ্লোর ওয়াইজ ডিজিটাল ম্যাপের ব্যবস্থা করার জন্য প্রকৌশল দপ্তরে বলা যেতে পারে। এই প্রসংগে সভার সভাপতি অধ্যাপক ড. ইসতিয়াক এম সৈয়দ উল্লেখ করেন যে প্রশাসনিক ভবনের প্রবেশমুখে সিটিজেন চার্টার দৃশ্যমান অবস্থায় রাখা যেতে পারে ।এছাড়াও সিটিজেন চার্টারের বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন মর্মে উল্লেখ করেন।

২.৫. উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের সদস্য জনাব ইমাম হাসান রাজা, সিস্টেম এ্যাডমিনিস্ট্রেটর, আইসিটি সেল সভাকে অবহিত করেন যে দেশের বাইরে থেকে কোন সেবা গ্রহীতা তাঁর সনদসমূহ ডাব্লিউইএস (ওয়ার্ল্ড এডুকেশন সিস্টেম)-এর মাধ্যমে যাচাই করতে/করাতে চাইলে এখনও এক বা একাধিক পর্যায়ে তাঁর বা তাঁর প্রতিনিধির শারিরিক উপস্থিতির প্রয়োজন হয়ে পড়ে। এছাড়াও ট্রান্সক্রিপ্ট সেবা প্রদান অনলাইন ভিত্তিক হলেও এখনও এই বিষয়টিতে স্বয়ংক্রিয়ভাবে ই-মেইলে ট্রান্সক্রিপ্ট প্রাপ্তি সংযোজন করা হয় নি। অনলাইনে প্রয়োজনীয় ফি প্রদানের ব্যবস্থাসহ শারিরিক উপস্থিতি বাদ দিয়ে স্বয়ংক্রিয়ভাবে ই-মেইলে ট্রান্সক্রিপ্ট পাওয়ার, সনদপত্র যাচাই-এর ব্যবস্থা চালু করার জন্য পরীক্ষা নিয়ন্ত্রক মহোদয়ের সংশ্লিষ্ট শাখাকে বলা যেতে পারে মর্মে উল্লেখ করেন।

২.৬. বিশ্ববিদ্যালয়ের প্রতিটি ছাত্রাবাসে অবস্থানকারীকে আধুনিক ও মানসম্মত আইসিটি সেবা প্রদানের লক্ষ্যে একটি করে ডিজিটাল ল্যাব স্থাপন করা যেতে পারে মর্মে সভার সভাপতি অধ্যাপক ড. ইসতিয়াক এম সৈয়দ উল্লেখ করেন।

৩. সুপারিশঃ

বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সুপারিশ করা হয়ঃ

৩.১. পরীক্ষা সংক্রান্ত বিষয়ে পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর হতে সংশ্লিষ্ট শিক্ষকের মুঠোফোনে একটি বার্তা (ম্যাসেজ) পাঠানোর পরিবর্তে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় বিষয়াদি (বিলসহ) স্বয়ংক্রিয়ভাবে সংশ্লিষ্ট শিক্ষকের ড্যাশবোর্ডে/প্রোফাইলে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা

৩.২. ডাব্লিউইএস (ওয়ার্ল্ড এডুকেশন সিস্টেম)-এর মাধ্যমে কোন সেবা গ্রহীতা তাঁর সনদসমূহ যাচাই করতে/করাতে চাইলে অনলাইনে প্রয়োজনীয় ফি প্রদানের ব্যবস্থাসহ শারিরিক উপস্থিতি বাদ দিয়ে স্বয়ংক্রিয়ভাবে ই-মেইলে ট্রান্সক্রিপ্ট পাওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা



CamScanner

৩.৩. ডিইউঅ্যাপস্-এর নিউজ পোর্টালে প্রকাশিত নিউজ গুলো অন্যান্য সামাজিক যোগাযোগ মাধ্যমে শেয়ার করার সুযোগ (অপশন) রাখা, নোটিশ পোর্টালে বিশ্ববিদ্যালয়ের যাবতীয় সাধারণ নোটিশ প্রকাশ করাসহ অন্যান্য পোর্টালের অন্তর্ভূক্ত বিষয়গুলো আরও সাম্প্রতিক (up to date) গুলো আরও ব্যবহার-বান্ধব (user friendly) করা

৩.৪. এনওসিসহ যাবতীয় ফর্ম (যা পূরণ করে সেবা গ্রহণের জন্য জমা দিতে হয়) বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে পিডিএফ ফরম্যাটের পাশাপাশি প্রিন্ট অপশনের সুযোগসহ এডিটএ্যবল টেক্স ফরমাটে (editable text format) অনলাইনে প্রাপ্তির ব্যবস্থা গ্রহণ করা

৩.৫. প্রশাসনিক ভবনের কক্ষসমূহের পরিচিতিসহ দৃশ্যমান স্থানে ফ্লোর ওয়াইজ ডিজিটাল ম্যাপ টানানোর ব্যবস্থা গ্রহণ করা

৩.৬. সিটিজেন চার্টারের বহুল প্রচারের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা

৩.৭. অনুমোদিত এনওসি যেমন অনলাইনে দেয়ার ব্যবস্থা চালু আছে ঠিক একই রকমভাবে অনুমোদিত বিদেশভ্রমণ সংক্রান্ত জিও-ও অনলাইনে প্রাপ্তির বিষয়টিও চালু করা

৩.৮. বিশ্ববিদ্যালয়ের প্রতিটি ছাত্রাবাসে অবস্থানকারীকে আধুনিক ও মানসম্মত আইসিটি সেবা প্রদানের লক্ষ্যে একটি করে ডিজিটাল ল্যাব স্থাপন করা

পরিশেষে কমিটির আহ্বায়ক ও সভার সভাপতি ড. ইসতিয়াক এম সৈয়দ, অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।

ড. ইসতিয়াক এম সৈয়দ
অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় ও
আহ্বায়ক, উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিম



CamScanner